যুগান্তর

তারিখ : 28 SEP 2016
পৃষ্ঠা : ৭ ৬ কলাম : ২

পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন বাড়ানোর প্রতিবাদ

# ময়মনসিংহে শিক্ষার্থীদের ওপর পুলিশের লাঠিচার্জ : ত্রিশালে সড়ক অবরোধ

**যুগান্তর ডেস্ক**

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রশ্নপত্রে সৃজনশীল প্রশ্ন বাড়ানোর প্রতিবাদে মঙ্গলবার ময়মনসিংহে শিক্ষার্থীদের বিক্ষোভে লাঠিচার্জ করেছে পুলিশ। এদিকে একই দাবিতে ত্রিশালে সড়ক অবরোধ করেছে শিক্ষার্থী। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধির পাঠানোর খবর—

**ময়মনসিংহ ব্যুরো :** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্রে সৃজনশীল প্রশ্ন বাড়ানোর প্রতিবাদে ময়মনসিংহে মঙ্গলবারও টানা চতুর্থ দিনের মতো শিক্ষার্থীরা শহরের বিভিন্ন পয়েন্টে বিক্ষোভ, ভাংচুর ও সড়ক অবরোধ করেছে। এ সময় পুলিশ ছত্রভঙ্গ করতে লাঠিচার্জ করলে কমপক্ষে ১০ শিক্ষার্থী আহত হয়। পরে ঘটনাস্থল থেকে পুলিশ ১৫ শিক্ষার্থীকে আটক করেছে। আন্দোলনরত শিক্ষার্থীরা জানায়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইতিপূর্বে ৬টি সৃজনশীল প্রশ্নপত্রে ২ ঘণ্টা ১০ মিনিট সময়ে উত্তর দিতে হতো।

বর্তমানে তা বাড়িয়ে ৭টি সৃজনশীল প্রশ্ন করা হয়েছে। যা শিক্ষার্থীদের জন্য কঠিন। এর প্রতিবাদে গত চারদিন ধরে ময়মনসিংহ শহরের জিলা স্কুল ও সরকারি বিদ্যাময়ী বালিকা বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা গাঙ্গিনারপাড় ট্রাফিকমোড়সহ বিভিন্নস্থানে সড়ক অবরোধ করে বিক্ষোভ ও সমাবেশ চালিয়ে আসছিল। দাবি না মানায় দুপুরে শহরের গাঙ্গিনারপাড় ট্রাফিক মোড়, জিরো পয়েন্ট, জিলা স্কুল মোড় ও স্টেশনরোডসহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের রাস্তা অবরোধ করে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। পরে পুলিশ তাদের ছত্রভঙ্গ করতে চাইলে শিক্ষার্থীদের সঙ্গে কয়েকদফা ধাওয়া-পাল্টাধাওয়া হয়। এ সময় পুলিশ লাঠিচার্জ করলে শিক্ষার্থীরা ৮/১০টি গাড়ি ভাংচুর করে। এতে আহত হয় কমপক্ষে ১০ শিক্ষার্থী।

**ত্রিশাল :** ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে ত্রিশালে বিক্ষোভ করছে শিক্ষার্থীরা। স্থানীয় নজরুল একাডেমির শিক্ষার্থীরা সৃজনশীল পদ্ধতিতে ৬ প্রশ্ন বহাল রাখার দাবিতে এ কর্মসূচি পালন করে। প্রায় আধাঘণ্টা অবরোধের পর ইউএনও আবু জাফর রিপন ও ত্রিশাল থানার ওসি মনিরুজ্জামান ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের দাবির বিষয়টি যথাযথ কর্তৃপক্ষে জানানো হবে মর্মে আশ্বাস দিলে অবরোধকারী শিক্ষার্থীরা অবরোধ প্রত্যাহার করে নেয়।